গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর-২৬.০০.০০০০.১৫৬.৩২.০০৩.২০. ১২৬

তারিখ: ০৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

প্রেরক : সোলেমান খান
অতিরিক্ত সচিব
পরিচালক, বাণিজ্য সংগঠন

প্রাপক: আহবায়ক, Bangladesh Accounting Association
বাড়ী নং-২৮/বি, সড়ক নং-০৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

**বিষয়:** কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারা অনুযায়ী **Bangladesh Accounting Association**-এর অনুকূলে লাইসেন্স ইস্যু।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারা অনুযায়ী Bangladesh Accounting Association-এর নামে ২২ মার্চ ২০২১ তারিখে ০৯/২০২১ নম্বর লাইসেন্স নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো:

(ক) সরকারের নির্দেশ মোতাবেক যে কোন সময় সংগঠনটি এর সংঘস্মারক/সংঘবিধি সংশোধন করতে বাধ্য থাকবে;

(খ) সংগঠনটির সংঘস্মারক/সংঘবিধি যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার পর পরিবর্তিত আকারে সরকার অনুমোদন করেছে। অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধির একটি কপি এতদসংগে সংযুক্ত করা হলো। পরবর্তীতে সরকার প্রয়োজনে এতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়ন করতে পারবে;

(গ) লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারার অধীনে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায় সম্পন্ন কোম্পানি হিসেবে নিবন্ধিকরণ করতে হবে;

(ঘ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধিকরণের পূর্বে সংগঠনটিকে কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারা এবং এর আওতাধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণ করতে হবে;

(ঙ) সংঘস্মারক/সংঘবিধির মধ্যে কোন অসংগতি বা ত্রুটি পরিলক্ষিত হলে তা নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিকট উপস্থাপনের সময় সংশোধন করতে হবে এবং নিবন্ধনের পর ৬০ (ষাট) দিনের মধ্যে ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-এর নিকট সদস্যভুক্তির জন্য আবেদন করতে হবে;

(চ) আবশ্যিকভাবে সংগঠনের জন্য স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(ছ) নিবন্ধিকরণের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহ্বান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;

(জ) বর্ণিত শর্তাবলীর যে কোন একটি পালনে ব্যর্থ হলে বিনা নোটিশে লাইসেন্স বাতিলযোগ্য হবে।

(ঝ) নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক নিবন্ধিকৃত হবার পর দু'টি ছাপানো সংঘস্মারক/সংঘবিধির কপি উক্ত অফিস কর্তৃক সত্যায়িত করে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। নিবন্ধিকরণ প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(ঞ) সময়ে সময়ে সংগঠনের জন্য প্রযোজ্য যে সকল শর্ত এবং বিধি-বিধান সরকার কর্তৃক আরোপিত হবে তা অবশ্যই পালনীয় হবে। এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক/সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

(ট) বর্ণিত শর্তাবলী এবং সংঘস্মারক/সংঘবিধিতে উল্লিখিত শর্তাসমূহের কোনরূপ বরখেলাপ বা লংঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স অচল বলে গণ্য হবে।

০২। এ লাইসেন্সের প্রাপ্তি স্বীকার জ্ঞাপনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) ফর্দ।

22/03/2021
(সোলেমান খান)
অতিরিক্ত সচিব
বাণিজ্য সংগঠন

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
০২। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ৬২/৩ ক্রীড়া ভবন, (১৪-১৫ তলা) পল্টন, ঢাকা।
০৩। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০৪। জেলা প্রশাসক, ঢাকা।
০৫। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল, বা/এ ঢাকা-১০০০।
০৬। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**লাইসেন্স নং-০৯/২০২১**

তারিখ: ০৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

**কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স**

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রমাণিত হয়েছে যে, Bangladesh Accounting Association নামে একটি বাণিজ্য সংগঠন অথবা এতে নিয়োজিত কোন গোষ্ঠি বা শ্রেণী যে কোন উপায়ে বা কোন পর্যায়ে প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে গঠিত হতে যাচ্ছে এবং

যেহেতু, উক্ত সংগঠনের অর্জিত লাভ এবং অন্যান্য আয় কেবলমাত্র এ সংগঠনের উন্নতিসাধনকল্পে ব্যয়িত হবে এবং এর সদস্যগণের মধ্যে উক্ত লাভ/লভ্যাংশ হিসেবে বণ্টন করা হবে না;

সেহেতু, কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) এর ২৮ ধারা অনুসারে সরকার সন্তুষ্ট হয়ে উক্ত সংগঠনটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করল:

(ক) কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারার আওতায় সীমিত দায়সহ এর নামের সংগে "লিমিটেড" শব্দটি ব্যবহার না করে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধন করতে হবে;

(খ) কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারা ও এর আওতাধীন শর্তসমূহ (যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অভিযোজিত হয়েছে) যথাযথভাবে পালন করবে;

(গ) সংঘস্মারক/সংঘবিধির যেসব বিধি-বিধান উক্ত অধ্যাদেশের সঙ্গে সাংঘর্ষিক নয় সে সব বিধি-বিধান এ সংগঠন মেনে চলবে (অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধির একটি কপি এতদসংগে সংযুক্ত করা হলো);

(ঘ) যে সকল শর্ত এবং বিধি-বিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সময়ে সময়ে যথার্থ বিবেচনাপূর্বক আরোপ করবে বা নির্ধারণ করবে সেগুলো সংগঠনের জন্য অবশ্য পালনীয় হবে। তদুপরি এ বিষয়ে সরকার কোন নির্দেশ প্রদান করলে এ সংগঠন কর্তৃক এর সংঘস্মারক/সংঘবিধিতে তা অন্তর্ভুক্ত করে নিতে হবে;

(ঙ) কোম্পানি আইন ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর ২৮ ধারা এবং বিভিন্ন সময়ে সরকার কর্তৃক জারিকৃত আদেশের পরিপন্থী যে কোন কার্যক্রম অবৈধ হিসেবে গণ্য হবে;

(চ) আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(ছ) এই সংগঠন সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না।

এ লাইসেন্স দু'হাজার একুশ সনের মার্চ মাসের বাইশ তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।

22/03/2021
(সোলেমান খান)
অতিরিক্ত সচিব
বাণিজ্য সংগঠন